নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৮৮ ১২ অক্টোবর ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

# বিশ্ব র‍্যাঙ্কিংয়ে নোবিপ্রবি: বিশ্ববিদ্যালয়ের গণমাধ্যমকর্মী ও শিক্ষক-কর্মকর্তাদের সঙ্গে উপাচার্যের মতবিনিময়

প্রথমবারের মতো বিশ্ব র‍্যাঙ্কিংয়ে অবস্থানের গৌরব অর্জন করায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নোবিপ্রবি সাংবাদিক, শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গে পৃথক মতবিনিময় সভা করেছেন। আজ রোববার (১২ অক্টোবর ২০২৫) বেলা ১২টায় উপাচার্যের সম্মেলন কক্ষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের অংশগ্রহণে প্রথম সভা অনুষ্ঠিত হয়। পরে বিকেল ৩টায় বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে শিক্ষক, কর্মকর্তাদের সঙ্গে র‍্যাঙ্কিং, ৩য় সমাবর্তন, পে-কমিশনে মতামত প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের সার্বিক বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। সভায় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ উপস্থিত ছিলেন।

সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, একটি বিশ্ববিদ্যালয়কে বিশ্ব র‍্যাঙ্কিংয়ে আসতে হলে বেশকিছু শর্ত পূরণ করতে হয়। এক্ষেত্রে বেশ কিছু বিষয় বিবেচনায় নেয়া হয় যেমন- স্টুডেন্ট-স্টাফ অনুপাত, শিক্ষক-শিক্ষার্থী অনুপাত, পিএইচডি ডিগ্রিধারী শিক্ষক এবং ব্যাচেলর ডিগ্রিধারী শিক্ষক অনুপাত ইত্যাদি। দয়িত্ব গ্রহণের পর আমরা র‍্যাঙ্কিং সেল গঠন করি এবং র‍্যাঙ্কিংয়ে অন্তর্ভুক্তির জন্য প্রথমবারের মত আবেদন করি। কিছু তথ্য আমাদের হাতে ছিল না, তা সংগ্রহ করে আমরা প্রেরণ করি। টাইমস হায়ার এডুকেশন কর্তৃক ২০২৬ সালের প্রকাশিত তালিকায় বিশ্বের র‍্যাঙ্কিংয়ে নোবিপ্রবির অবস্থান আজ ১২০১ থেকে ১৫০০ এর মধ্যে। দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে নোবিপ্রবির অবস্থান ১২তম, আর গবেষণার মানদণ্ডে বিশ্ব তালিকায় অবস্থান ৭২২তম, যা অত্যন্ত আনন্দের। বিশ্ব র‍্যাঙ্কিংয়ে আরও ভালো অবস্থানে পৌঁছাতে যে জায়গাগুলোতে উন্নতির সুযোগ রয়েছে তা নিয়ে কাজ করতে হবে।

সভায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে উপাচার্য বলেন, শিক্ষার্থীদের ক্লাসরুম সংকট নিরসনকল্পে এ বছর নোবিপ্রবিতে অনলাইন ক্লাসরুম বুকিং সিস্টেম চালু করা হয়েছে। এতে করে, বিভাগগুলো ক্লাসরুম শেয়ারের মাধ্যমে যথাসময়ে পাঠদান সম্পন্ন করতে পারবে। র‍্যাঙ্কিংয়ে উন্নতির অন্যতম উপাদান বিদেশী শিক্ষার্থীদের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে ইতিমধ্যে কাজ শুরু হয়েছে। বিদেশী শিক্ষার্থীদের টিউশন ফি কমিয়ে আনাসহ তাদের আবাসনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। যে কোনো সমস্যা সমাধানে সবাইকে নিজ নিজ জায়গা থেকে প্রো-অ্যাকটিভ হতে হবে। যে জায়গাগুলোতে সমস্যা রয়েছে তা চিহ্নিত করে দ্রুত সমাধানের চেষ্টা করতে হবে।

শিক্ষক-কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল জানান, নোবিপ্রবি ৩য় সমাবর্তন আয়োজনের অনুমোদন চেয়ে মন্ত্রণালয়ে আবেদন করা হয়েছে। আবেদন মঞ্জুরের প্রেক্ষিতে ডিসেম্বরের প্রথম সপ্তাহে সমাবর্তন অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। পাশাপাশি পে-কমিশনে নোবিপ্রবির মতামত প্রেরণের জন্য একটি কমিটি গঠনের উদ্যোগ নেয়া হয়েছে। এর মাধ্যমে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পৃথক মতামতের ভিত্তিতে একটি গ্রহণযোগ্য প্রস্তাবনা প্রেরণ করা হবে।

মতবিনিময় সভায় অন্যান্যের মাঝে বক্তব্য রাখেন রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর সরকার, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান, আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. মোঃ আবদুল কাইয়ুম মাসুদ, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী, জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. গাজী মো. মহসিন। র‍্যাঙ্কিংয়ে বিশ্ববিদ্যালয়কে আরও এগিয়ে নেওয়ার ক্ষেত্রে কৌশলগত দিক বর্ণনা করে উভয় সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন নোবিপ্রবি র‍্যাঙ্কিং সেলের অতিরিক্ত পরিচালক ড. ফাহদ হুসাইন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪